

নসর
Haque
২৩/১০/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৫৩.১৭-৩৮৭/১

তারিখ: ০৩ আশ্বিন ১৪২৪
১৮ সেপ্টেম্বর ২০১৭

আদেশ


যেহেতু, জনাব খন্দকার আমিনুল ইসলাম, ডাটা এন্ট্রি অপারেটর, ইউআরসি, মাদারগঞ্জ, জামালপুর, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৬ এর রোল নং ২৫০০ থেকে ৩৭০০ এবং ৪০০০ থেকে ৫০০০ এর মধ্যে ১২ (বার) জন পরীক্ষার্থীর বিভিন্ন বিষয়ে প্রাপ্ত মূলনম্বর সফটওয়্যারে এন্ট্রি দেয়ার সময় উদ্দেশ্য প্রণোদিতভাবে গরমিল করেছেন; এবং

যেহেতু, অভিযোগসমূহ আমলে নিয়ে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) (iv) ও ৩ (বি) উপবিধি অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ১৪.০৭.১৭ তারিখের ৩য় শ্রেণী/বিমা-০৯/১৭/২৮৪৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি ০২.০৮.২০১৭ তারিখে বিভাগীয় মামলার জবাব দাখিল করেন এবং ১১.০৯.২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব খন্দকার আমিনুল ইসলাম, ডাটা এন্ট্রি অপারেটর, ইউআরসি, মাদারগঞ্জ, জামালপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(বি) উপবিধি মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য বন্ধ রাখার দণ্ড প্রদান করা হল যা অ-ক্রমবর্ধিষ্ণু (Noncumulative) হবে। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



মো: সাবের হোসেন

পরিচালক (প্রশাসন)

ফোনঃ ০২-৫৫০৭৪৮২৯


Email: diradmindpe@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৫৩.১৭-৩৮৭/১

তারিখ: ০৩ আশ্বিন ১৪২৪
১৮ সেপ্টেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
২. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
৩. সুপারিনটেনডেন্ট, পিটিআই, জামালপুর।
৪. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, মাদারগঞ্জ, জামালপুর (সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরি বহিতে উক্ত আদেশটি লিপিবদ্ধ করার জন্য বলা হলো)।
৫. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. ব্যক্তিগত সহকারী, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা, (পরিচালক-প্রশাসন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জনাব খন্দকার আমিনুল ইসলাম, ডাটা এন্ট্রি অপারেটর, ইউআরসি, মাদারগঞ্জ, জামালপুর।
৮. সংরক্ষণ নথি।





মো: রাজা মিয়া

উপপরিচালক (ত: ও শৃ:)

ফোন: ৫৫০৭৪৯৫৫